

## নিবন্ধন প্রদান সংক্রান্ত সেবা সহজীকরণ

মুজিববর্ষ উপলক্ষ্যে জেলা সমবায় কার্যালয়, গোপালগঞ্জে সমবায় প্রতিষ্ঠানের নিবন্ধন প্রদান সংক্রান্ত সেবাটি সহজীকরণ করা হয়েছে। এটি মূলত একটি রেল্লিকিটিং কার্যক্রম। ইতোপূর্বে নিবন্ধন নিতে হলে সুবিধাভোগীদেরকে চার-পাঁচবার উপজেলা সমবায় কার্যালয়ে যেতে হতো। বর্তমানে মাত্র একবার উপজেলা সমবায় কার্যালয়ে গেলেই চলে; কোনো কোনো ক্ষেত্রে শুধুমাত্র টেলিফোনিক যোগাযোগ করলেই হয়, উপজেলা সমবায় কার্যালয়ে যেতেও হয় না। যে কোন ভাবে একবার উপজেলা সমবায় কার্যালয়ে যোগাযোগ করা হলে নিবন্ধনের আবেদন ফরম পূরণ, ট্রেজারি চালানোর ফরম পূরণ, উপ-আইন/বাই লজ অনুমোদন, সাংগঠনিক সভা, নিবন্ধন পূর্ববর্তী প্রশিক্ষণ, বিভিন্ন ডকুমেন্টে স্বাক্ষর সংগ্রহ ইত্যাদি কাজগুলো উপজেলা সমবায় অফিসার ও তার প্রতিনিধিগণ সমিতিতে গিয়ে একদিনে করিয়ে আনেন এবং নিবন্ধনের পরে নিবন্ধন সনদ উপজেলা সমবায় অফিসার কর্তৃক সমিতির কার্যালয়ে গিয়ে প্রদান করে আসেন। ইতোপূর্বে যেখানে নিবন্ধনের জন্য বেশ কয়েকবার যাতায়াত খাতে খরচ এবং সময় ব্যয় করে নিবন্ধন প্রত্যাশীগণ সমবায় কার্যালয়ে যেতেন এখন নিবন্ধন প্রদান সংক্রান্ত সেবাটি বেশ সহজেই পাচ্ছেন।

## Registration Process Simplification

The service related to registration of cooperatives has been simplified on the occasion of Mujibvarsha. This is basically a replicating activity. Earlier, the beneficiaries had to go to the Upazila Cooperative Office four or five times to get registration. At present, it is needef only once to go to the Upazila Cooperative Office; In some cases, one just has to make a telephone call, he/she doesn't even have to go to the Upazila Cooperative Office. Once the Upazila Cooperative Office is contacted in any way, the registration application form, treasury invoice form filling, bye-law approval, organizational meeting, pre-registration training, collection of signatures on various documents etc. are done by the Upazila Cooperative Officer and his representatives in one day. After registration, the registration certificate is delivered by the Upazila Cooperative Officer at the office of the association. Whereas in the past, the aspirants used to go to the co-operative office for registration by spending several times. They had to spend much time, now they are getting the service related to registration very easily. TCV have been reduced by this process.